বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

www.prebd.com

স্মারক নং-বুটেক্স/প্রশাঃ/২২/১১তম খন্ড/২০২৪/২৮৮ তারিখ: ১৬/০৩/২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর নিম্নলিখিত শূণ্য পদসমূহ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহযোগী অধ্যাপক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/-(গ্রেড-৪) টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগ।	০১	১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠান হইতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। ২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। ৩. এমফিল/সমমানের ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪. পিএইচ.ডি. ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৫. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যেগুলির মধ্যে First Author Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Index জার্নালে প্রকাশিত হতে হবে।
২.	সহযোগী অধ্যাপক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/-(গ্রেড-৪) ডাইজ এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০১	
৩.	সহযোগী অধ্যাপক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং) বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/-(গ্রেড-৪) এনভায়রনমেন্টাল সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০১	
৪.	সহকারী অধ্যাপক (কেমিকেল ইঞ্জিনিয়ারিং) বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/-(গ্রেড-৬) ডাইজ এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০১	১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। ২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। ৩. স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪. এমফিল/সমমানের ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৫. পিএইচ.ডি, ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।www.prebd.com ৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে।
৫.	সহকারী অধ্যাপক (ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং) বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/-(গ্রেড-৬) টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং বিভাগ। [সহযোগী অধ্যাপক পদের বিপরীতে]	০১	
৬.	প্রভাষক (ইয়ার্ণ) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০৩	১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। ২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। ৩. পিএইচ.ডি. ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
৭.	প্রভাষক (ফেব্রিক) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) ফেব্রিক ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০৫	
৮.	প্রভাষক (আইপিই) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০৩	
৯.	প্রভাষক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)-০১ টি প্রভাষক (কম্পিউটার)-০১ টি বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগ।	০২	
১০.	প্রভাষক (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ডাইজ এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) ডাইজ এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০১	
১১.	প্রভাষক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং) বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং, বিভাগ।	০১	
১২.	সিকিউরিটি ইন্সপেক্টর বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) সাধারণ প্রশাসন শাখা, রেজিস্ট্রার দপ্তর।	০১	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী এবং নিরাপত্তার কাজ পরিচালনায় সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ভাল স্বাস্থ্য ও কঠিন কাজ করার সামর্থ্য সম্পন্ন হতে হবে। সৎ, নিষ্ঠাবান ও স্পোর্টসম্যান স্পিরিট সম্পন্ন হতে হবে। অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী/পুলিশ/আনসার বাহিনীর কর্মকর্তা পদধারী উপযুক্ত ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৩.	ড্রাইভার (হেভী) বেতন স্কেল: ৯৭০০-২৩৪৯০/-(গ্রেড-১৫) যানবাহন শাখা, রেজিস্ট্রার দপ্তর।	০৩	প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী/জে.এস.সি, পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হতে হবে এবং গাড়ী মেরামতের অভিজ্ঞতাসহ বাংলা ও ইংরেজীতে বই লেখার সামর্থ্য সম্পন্ন হতে হবে। ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আমার দেশ
স্বাধীনতার কথা বলে

শর্তাবলী:

১। আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস/Website: www.butex.edu.bd হতে জীবন বৃত্তান্তের একটি ফরমেট সংগ্রহপূর্বক পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা (শিক্ষক পদের ক্ষেত্রে সকল সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্টসহ) ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

২। ক্রমিক নং-০১ থেকে ০৩ এ বর্ণিত পদসমূহের জন্য ০৭ (সাত) সেট, ক্রমিক নং-০৪ থেকে ১২ নং এ বর্ণিত পদসমূহের জন্য ০৫ (পাঁচ) সেট এবং ক্রমিক নং-১৩ এ বর্ণিত পদসমূহের জন্য ০২ (দুই) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র দাখিল করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র (Testimonial) এবং চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে বেতন স্কেল উল্লেখপূর্বক অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রে ও খামের উপর সুস্পষ্টভাবে পদের নামসহ বিষয় উল্লেখ করতে হবে।

৫। সকল আবেদনপত্র "রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮" এর বরাবর প্রেরণ করতে হবে। www.prebd.com

৬। আবেদন ফিঃ অনলাইনে BUTEX এর ওয়েব সাইট http://www.butex.edu.bd ওপেন করে Fees payment=>Application fee=>Job=>position Applied for=>Applicant's Name=>Father's Name=>Mobile No=>Amount=>Payment option এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য (বিস্তারিত তথ্য চলে আসবে এবং নির্দিষ্ট ফিল্ডে তথ্য প্রদান করে) Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংকের একাউন্ট টু একাউন্ট, সোনালী ই-ওয়ালেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড, এমেক্স কার্ড, নেক্সাস কার্ড (ডিবিবিএল), বিকাশ, নগদ, রকেট, উপায় এবং ট্যাপ এর মাধ্যমে ক্রমিক নং-০১ থেকে ১২ এ বর্ণিত পদসমূহের জন্য ২০০/- টাকা এবং ক্রমিক নং-১৩ এ বর্ণিত পদসমূহের জন্য ৫০/- টাকা পরিশোধ করে (চার্জ প্রযোজ্য) জমা রশিদের BUTEX কপি মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৮। আবেদনপত্র পাঠানোর শেষ তারিখঃ ০৬/০৪/২০২৫ থেকে ২০/০৪/২০২৫ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।

৯। কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হলে প্রয়োজনবোধে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে।

১০। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারে অংশগ্রহনের সময় সকল প্রকার সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল কপি দেখাতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন প্রকার কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৩। সনাক্ত পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। কোন পাবলিক পরীক্ষায় তৃতীয় বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না।

১৪। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৫। দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং বিদেশে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রীর সাথে অনুরূপ ডিগ্রী হিসাবে ইকুইভেলেন্স করতে হবে।

১৬। অনলাইন বা দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না।

১৭। শিক্ষক পদে অভিজ্ঞতা বলতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্বশাসিত) সক্রিয় শিক্ষকতা/গবেষণা প্রতিষ্ঠানের গবেষণার কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

১৮। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ বর্তমানে যেই পদে কর্মরত আছেন শুধুমাত্র সেই পদের পরবর্তী পদে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাবে।

১৯। সরকারি/আধা-সরকারি/সায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরীকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।

২০। বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষকতাকাল বলে বিবেচিত হবে না, তবে প্রেষনের (Deputation) ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না।

২১। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক কোটা অনুসরণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রয়োজনীয় সনদ সংযুক্ত করতে হবে।

২২। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে "অঙ্গীকারনামা" প্রদান করতে হবে।

** গত ১৬/০২/২০২৩ তারিখের বুটেক্স/প্রশাঃ/২২/৯ম খন্ড/২০২১/১৯২ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ১২ নং শর্তানুযায়ী ডাইস এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক (রসায়ন/ফলিত রসায়ন) পদের নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করা হলো। ইতোপূর্বে উক্ত পদে যারা আবেদন করেছেন তারা নতুন করে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আবেদন ফি বাবদ কোন অর্থ প্রদান করতে হবে না।

** গত ২৪/১২/২০২৪ তারিখের বুটেক্স/প্রশাঃ/২২/১১তম খন্ড/২০২৪/১১৭১ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগের প্রভাষক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার) এবং টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং) পদে আবেদন করেছেন তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

16.03.25

(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

ডিজি-৩৫৪/২৫ (১৫.৫"x৪)